

মাদ্রাসাগুলোতে বিজ্ঞান প্রযুক্তিও পড়ানো হবে : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদ্রাসাগুলোতে আধুনিক বিজ্ঞান প্রযুক্তির বিষয়গুলো পড়ানো হবে। যেন এখান থেকে ডিগ্রিধারীরা বিজ্ঞ আলোয় হওয়ার পাশাপাশি দক্ষ প্রযুক্তিবিদও হতে পারেন। গতকাল রোববার ঢাকার ধানমন্ডিতে বিশ্ববিদ্যালয়টির অস্থায়ী ক্যাম্পাস পরিদর্শন শেষে আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, আলোচনা সভায় গত বছরের দাবির পরিপ্রেক্ষিতে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আহসান উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মুনিরুল ইসলাম, বাংলাদেশ জমিয়তুল মোদারেছীনের সভাপতি এএএম বাহাউদ্দীন, মহাসচিব শাকিব আহামদ মোগতাজী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হেলালউদ্দিন, এএস সাহমুদ এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান একেএম সাইফুল্লাহ আলোচনায় অংশ নেন।

মুনাফার লোভে শিক্ষায় বিনিয়োগ নয় : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, মুনাফার লোভ নিয়ে কারিগরি শিক্ষায় অনেকে বিনিয়োগ করছে। তাদের উদ্দেশ্য করে মন্ত্রী বলেন, 'মন পরিবর্তন করুন, না হয় মাঠ ছাড়ুন।' 'বসবসুর স্বপ্ন বাস্তবায়নে কারিগরি শিক্ষার গুরুত্ব' শীর্ষক আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। গতকাল রোববার রাজধানীর আগারগাঁওয়ের কারিগরি শিক্ষা বোর্ডে এটি অনুষ্ঠিত হয়।